

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.৯০৫.২০১৬-৪৬০৫


তারিখ : ২৫/১১/১৬

বিষয় : রীট পিটিশন নং-৯৮৭২/২০১৬, বাদী-জনাব হারুন-অর-রশিদ, পিতা-মৃত আবু আহমেদ মাষ্টার. ৩৪ শ্যামলী, রোড নং-৩, ঢাকা -বনাম-সরকার ও অন্যান্য।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতায় ঢাকা নিউমার্কেটে (মেইন মার্কেট) এর বায়তুল আমান মসজিদের পশ্চিম পার্শ্বে নির্মিতব্য মার্কেটের দোকান বরাদ্দ নেয়ার আদেশকে চ্যালেঞ্জ করে বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৯৮৭২/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দিতাসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক দফাওয়ারী জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তি : রুলের কপি।

  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)

উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫।

Email-ishanaliraja@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ২। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।